দৈনিক জনকণ্ঠ

তারিখ 2 6 OCT 1995

পৃষ্ঠা ৮ কলাম ৬

# ক্যাডেট কলেজে ভর্তিতে নতুন শর্ত ॥ অভিভাবক মহলে অসন্তোষ

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** ভর্তি পরীক্ষার পূর্বমুহূর্তে ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ আকস্মিকভাবে একটি নতুন শর্ত জুড়ে দেয়ার কারণে ভর্তিচ্ছু ছাত্রছাত্রী ও অভিভাবক মহলে তীব্র অসন্তোষ সৃষ্টি হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, দেশে ক্যাডেট কলেজসমূহে '৯৬ সালে সপ্তম শ্রেণীতে ভর্তির আবেদনের জন্য সম্প্রতি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এতে প্রায় ৩৭ বছরের নিয়মের ব্যতিক্রম ঘটিয়ে বলা হয়েছে, 'একবার যে ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হয়েছে সে পুনরায় অংশ নেয়ার অযোগ্য বিবেচিত হবে।' সূত্র মতে, ভর্তি পরীক্ষার মাত্র মাস দুয়েক আগে কর্তৃপক্ষের এহেন সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে বিব্রতকর অবস্থায় ফেলেছে। বিসিএস এবং আইএসএসবি পরীক্ষায়ও যেখানে ন্যূনতম পক্ষে বহুবার অংশ নেয়া যায় সেক্ষেত্রে ক্যাডেট কলেজে ভর্তির ব্যাপারে এত কড়া আইন আগ্রহী শত শত ছাত্রছাত্রীকে বঞ্চিত করা হবে। প্রশ্ন উঠেছে এ সিদ্ধান্ত বছরের শুরুতে ঘোষণা করা হলে ছাত্রছাত্রীরা দীর্ঘসময় ধরে প্রস্তুতি নিত না, অর্থ ব্যয়ও হতো না। সিদ্ধান্তটি বিবেচনার দাবি উঠেছে।